

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৪৮

আগরতলা, ২৭ অক্টোবর, ২০২৩

ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শনে রাজ্যপাল

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু আজ উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শন করেন। মন্দির পরিদর্শনের সময় রাজ্যপালের সাথে স্ত্রী সহ তাঁর পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শনে এসে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু সপরিবারে মন্দিরে পুজো দেন ও মাতা ত্রিপুরেশ্বরীর আশীর্বাদ প্রার্থনা করেন। রাজ্যপাল আজ সকালে উদয়পুর এসে পৌছালে গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা তাঁকে স্বাগত জানান। উদয়পুর সার্কিট হাউসে রাজ্যপালকে গোমতী জেলা পুলিশের পক্ষ থেকে গার্ড অব অনার দেওয়া হয়।

\*\*\*\*\*